**আমরা বদলে যাবো**
**আমরা বদলে দেবো**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
(বোর্ড প্রশাসন-১)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০৭২.২০.৪৭০ তারিখ ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ / ০৪ জুলাই, ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ জুন/২০২৩ এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জুন/২০২৩ এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত মাসিক প্রতিবেদন ছক মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ জুন/২০২৩ এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত মাসিক প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

০৪/০৭/২০২৩
(মোঃ গাউছুল আজম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন: ০২-২২২২১৭৭২৩
ই-মেইল: nbrbafs2020@gmail.com

জনাব সুরাইয়া পারভীন শেলী, যুগ্মসচিব
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০৭২.২০ তারিখ ২০ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ / ০৪ জুলাই, ২০২৩ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্যঃ

১। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ গাউছুল আজম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সংযোজনী '৭': অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন

অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন

**মাসের নামঃ জুন/২০২৩ খ্রিঃ।**

## ১. অভিযোগের তথ্য

| ক্রমিক নং | বিভাগ/অধিদপ্তর/দপ্তর /সংস্থার নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪+৫) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত ×১০০/ (মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ) % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ওয়েব সাইটের মাধ্যমে | ৩৩৩ কল সেন্টারের মাধ্যমে | প্রচালিত পদ্ধতিতে | স্বপ্রণোদিত ভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০১. | জাতীয় রাজস্ব বোর্ড | ৪ | - | - | | ২ | ৬ | ১ | ৩ | ১ | ৩ | ৭৫% |

*** নিষ্পত্তিযোগ্য অভিযোগ= মোট অভিযোগ (কলাম-৬)- [নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি এমন চলাচল অভিযোগ (কলাম-৯)+ অন্য দপ্তরে প্রেরিত (কলাম-৭)]

নিষ্পত্তিকৃত অভিযোগের বিস্তারিত বিবরণঃ

| ক্র: নং | অভিযোগের বিষয় | নিষ্পত্তির তারিখ | নিষ্পত্তি সংক্রান্ত বিবরণ | মন্তব্য | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | অভিযোগটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা ওয়েবসাইট হতে প্রাপ্ত। অভিযোগকারী Md. Abdur Rahim মোবাইল নম্বর: ০১৯১১৭২০৩৭১, অভিযোগের তারিখ: ০৫-০৬-২০২৩, ট্র্যাকিং নম্বর: ১৯১১৭২০৩৭১০০০১। বিষয়: নির্ধারিত মূল্য থাকা সত্ত্বেও অতিরিক্ত দাম রাখা এবং পূর্ণাঙ্গ বিলে ভ্যাট ট্যাক্সের বিল দেওয়া সত্ত্বেও এর সরকারি চালান কপি না দেওয়া প্রসংঙ্গে। | ২/৭/২০২৩ | প্রাপ্ত অভিযোগটি ভ্যাট নিবন্ধন প্রাপ্ত প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিধায় অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কর্তৃক গত **০৮/০৬/২০২৩** খ্রি: তারিখে প্রথম সচিব, মূসক নীতি অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর জিআরএস সফটওয়্যারে পত্রটি প্রেরণ করেন এবং পরবর্তীতে গত ১২/০৬/২০২৩ খ্রি: তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের কর্মকর্তা Ro/ARO কে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেওয়ার নিদের্শনা দেন। এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট Ro/ARO কর্তৃক ২০/৬/২০২৩ খ্রি: তারিখে একটি তদন্ত প্রতিবেদন পাওয়া যায় ও দি সিন্যামন ট্রি রেস্টুরেন্ট (শাইনপুকুর স্যুটস) কর্তৃক ২২/০৬/২০২৩ খ্রি: তারিখে একটি মুচলেকার মাধ্যমে তাদের ভুল স্বীকার করে পরবর্তীতে এ ধরনের কাজ না করার প্রতিশ্রুতি দেন এবং অভিযোগকারীকে তার পাওনা টাকা ফেরত দেবে মর্মে জানানো হলে অভিযোগটি অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কর্তৃক নথিজাত করা হয়। (কপি সংযুক্ত) | অভিযোগটি নথিজাতকৃত | |

Tamal
04-07-2023
তমাল কুমার মজুমদার
সহকারী প্রোগ্রামার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

05.07.23
(সুক্তি রানী সরকার)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৫/০৭/২০২৩
মোঃ ... আজম
উপসচিব
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | অভিযোগটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা ওয়েবসাইট হতে প্রাপ্ত। অভিযোগকারী জনাব সেলিম রেজা, মোবাইল নম্বর: ০১৮৯৫২৩১১৯১। অভিযোগের তারিখ: ১৮-০৬-২০২৩, ট্র্যাকিং নম্বর: ১৮৯৫২৩১১৯১০০০১। বিষয়: ছুটি তে আসা বেক্তিকে আয় কর দেখা তে হবে কিনা প্রসঙ্গে। | কার্যক্রম প্রক্রিয়াধীন | প্রাপ্ত অভিযোগটি কর সংশ্লিষ্ট বিধায় অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার নির্দেশনার প্রেক্ষিতে অভিযোগকারীর মোবাইল নম্বর: ০১৮৯৫২৩১১৯১ এর মাধ্যমে ৫-৬ দিন যোগাযোগ করা হলে মোবাইলটি বন্ধ পাওয়া যায়। অভিযোগকারীর সাথে আলোচনার সাপেক্ষে অভিযোগটির নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হবে। আনীত অভিযোগটির নিষ্পত্তির কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। | অভিযোগকারীর সাথে আলোচনার সাপেক্ষে অভিযোগটির নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হবে। আনীত অভিযোগটির নিষ্পত্তির কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। | |
| ৩ | অভিযোগটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা ওয়েবসাইট হতে প্রাপ্ত। অভিযোগকারী Md. Shahed Alam মোবাইল নম্বর: ০১৮৬২৮৭৮১০৪। অভিযোগের তারিখ: ২২-০৬-২০২৩, ট্র্যাকিং নম্বর: ১৮৬২৮৭৮১০৪০০০১। বিষয়: নিয়মিত করদাতা মরহুম পিতা শামছুল আলম (e-Tin- 6266 76836358/ Circle -120 salary,Taxes zone-6,Dhaka) এর সম্পদ বিবরণী ও বর্তমান কর প্রসঙ্গে। | কার্যক্রম প্রক্রিয়াধীন | প্রাপ্ত অভিযোগটি কর সংশ্লিষ্ট বিধায় অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কর্তৃক সূত্রোক্ত পত্র নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০০৩.২২.৪৬৫, তারিখ: ০২/০৭/২০২৩ খ্রি: এর মাধ্যমে অভিযোগটি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন জরুরী ভিত্তিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য কর কমিশনার, কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-৬, ২০৯/এ-বি, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, পুরানা পল্টন, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। আনীত অভিযোগটির কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। | অনলাইনে নিষ্পত্তিযোগ্য নয় (জিআরএস সফটওয়্যারে কার্যালয় অন্তভুক্ত নয়) এমন অভিযোগগুলো শুল্ক ও ভ্যাট প্রশাসন এবং কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা কর্তৃক মাঠ পর্যায়ে প্রতিবেদন চেয়ে চিঠি পাঠানো হয়েছে। চিঠির জবাব পাওয়ার পরিপ্রেক্ষিতে অভিযোগগুলোর প্রকৃত নিষ্পত্তি করা সম্ভব যা অনলাইন এ নথিজাত করা হয়েছে। | |
| ৪ | অভিযোগটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা ওয়েবসাইট হতে প্রাপ্ত। অভিযোগকারী Farhat মোবাইল নম্বর: ০১৯১৯৭৭৭৭৩৫। অভিযোগের তারিখ: ২৫-০৬-২০২৩, ট্র্যাকিং নম্বর: ১৯১৯৭৭৭৭৩৫০০০১। বিষয়: মূসক ৬.৩ না থাকা সত্ত্বেও ভ্যাট নিচ্ছে এটা সঠিক কি সঠিক না জানানোর আবেদন প্রসংঙ্গে। | কার্যক্রম প্রক্রিয়াধীন | প্রাপ্ত অভিযোগটি ভ্যাট সংশ্লিষ্ট বিধায় অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কর্তৃক সূত্রোক্ত পত্র নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০০৩.২২.৪৬৪,তারিখ: ০২/০৭/২০২৩ খ্রি: এর মাধ্যমে অভিযোগটি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন জরুরী ভিত্তিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১) জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ করা হয়। আনীত অভিযোগটির কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। | অনলাইনে নিষ্পত্তিযোগ্য নয় (জিআরএস সফটওয়্যারে কার্যালয় অন্তভুক্ত নয়) এমন অভিযোগগুলো শুল্ক ও ভ্যাট প্রশাসন এবং কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা কর্তৃক মাঠ পর্যায়ে প্রতিবেদন চেয়ে চিঠি পাঠানো হয়েছে। চিঠির জবাব পাওয়ার পরিপ্রেক্ষিতে অভিযোগগুলোর প্রকৃত নিষ্পত্তি করা সম্ভব যা অনলাইন এ নথিজাত করা হয়েছে। | |

04-07-2023
তমাল কুমার মজুমদার
সহকারী প্রোগ্রামার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

04.07.23
(সুক্তি রানী সরকার)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

04/07/2023
মোঃ গাউছুল আজম
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

## ২. আপীলের তথ্য

| ক্রমিক নং | বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার নাম | বিবেচ্য মাসে আপীলের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট আপীল (১+২+৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপীলের সংখ্যা | চলমান অভিযোগ | | আপীল নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত ×১০০/ (মোট নিষ্পত্তিযোগ্য আপীল) % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ওয়েব সাইটের মাধ্যমে | প্রচালিত পদ্ধতিতে | স্বপ্রণোদিত ভাবে গৃহীত | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১. | জাতীয় রাজস্ব বোর্ড | - | - | - | - | - | - | - | - | - |

*** নিষ্পত্তিযোগ্য আপীল= মোট আপীল (কলাম-৫)- [নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি এমন চলাচল আপীল (কলাম-৭)

নিষ্পত্তিকৃত আপীলের বিস্তারিত বিবরণঃ প্রযোজ্য নহে।

| ক্রমিক নং | আপীলের বিষয় | নিষ্পত্তির তারিখ | নিষ্পত্তি সংক্রান্ত বিবরণ | আপীল কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |

05.07.2023
তমাল কুমার মজুমদার
সহকারী প্রোগ্রামার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

05.07.23
(সুক্তি রানী সরকার)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

08/07/2023
মোঃ গাউছুল আজম
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মুচলেখা

shinepukur
suites

বরাবর
তদন্ত কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল - ৪।

বিষয়: ক্রেতার নিকট হইতে অনিচ্ছাকৃত ভাবে বেশী মূল্য ও ভ্যাট নেওয়ার অভিযোগ প্রসঙ্গে মুচলেখা প্রদান।

মহোদয়,

সম্মান পূর্বক এই অবগত করছি যে আমাদের রেস্টুরেন্ট "দা মিনিস্টার গ্রিল" এর একজন ক্রেতা জনাব আব্দুর রহিম এর নিকট হতে এক বোতল ৫০০ এম এল পানির মূল্য ১৫ টাকার পরিবর্তে ৩০.০০ টাকা নেওয়ার প্রেক্ষিতে হটলাইন নম্বরে অভিযোগ দেন; সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট যে অভিযোগ দায়ের করা হয়েছে, সেই প্রেক্ষিতে আমরা আপনার অফিসে ১৭ই জুন '২০ তারিখে এসে নিজেদের ভুল স্বীকার করেছি। উক্ত ক্রেতার নিকট হতে বেশী মূল্য ও নির্ধারিত হারের চেয়ে বেশী ভ্যাট নেওয়া আমাদের অনিচ্ছাকৃত অন্যায় হয়েছে। এজন্য আমরা আন্তরিক ভাবে দুঃখিত। আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে গৃহীত অতিরিক্ত মূল্য উক্ত ক্রেতাকে ফেরত দিব, এবং ভবিষ্যতে আমাদের সকল প্রতিষ্ঠানে সরকারি ভ্যাট আইন মেনে চলব। ভবিষ্যতে যদি এইরূপ কোন অনিয়ম হয়, তাহলে আইনানুগ যে ব্যবস্থা গ্রহণ করা হবে তা মেনে নিব।

নিবেদক
[signature]
মো: কামরুল হাসান
22/06/2020

SHINEPUKUR SUITES
GULSHAN-1, DHAKA

তদন্ত প্রতিবেদন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট
তাং 21 JUN 2023
গুলশান বিভাগ
মহাখালী, ঢাকা

বরাবর

অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (প্রথম সচিব)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

বিষয়- দি সিন্যামন ট্রি রেস্টুরেন্ট (শাইনপুকুর স্যুটস), ঠিকানা- প্লট # ৮/সি, রোড # ১৪৩, গুলশান-১, ঢাকা-১২১২ নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে জনাব আব্দুর রহীম নামীয় ক্রেতার অভিযোগ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র- ক্রেতা কর্তৃক দাখিলকৃত অভিযোগপত্রের উপরে প্রথম সচিব মহোদয়ের নির্দেশনা।

মাধ্যম- যথাযথ কর্তৃপক্ষ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা হলো।

০২। জনাব আব্দুর রহীম নামীয় ক্রেতা কর্তৃক অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর দি সিন্যামন ট্রি রেস্টুরেন্ট (শাইনপুকুর স্যুটস), ঠিকানা- প্লট # ৮/সি, রোড # ১৪৩, গুলশান-১, ঢাকা-১২১২ নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে- এক বোতল ৫০০ এমএল মিনারেল ওয়াটারের দাম ১৫ টাকার স্থলে ৩১.৫০ টাকা নেয়া, বিক্রয় রিসিট অনুযায়ী ১৫% হারে ভ্যাট আদায় করা ও কোন মূসক চালান প্রদান না করার অভিযোগ দাখিল করেছেন ( অভিযোগের তারিখ- ০৫.০৬.২০২৩ খ্রি., ট্র্যাকিং নং- ১৯১১৭২০৩৭১০০০১)। বর্ণিত অভিযোগ পত্রে সূত্রীয় পত্রের নির্দেশনা মোতাবেক উক্ত অভিযোগসমূহ তদন্ত করতে ১৩.০৬.২০২৩ খ্রি তারিখে অলোচ্য প্রতিষ্ঠানে সরেজমিনে পরিদর্শন করি। সরেজমিনে পরিদর্শন করে অলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনিত অভিযোগসমূহের সত্যতা পাওয়া যায়। যাচাই করে দেখা যায় যে- অলোচ্য প্রতিষ্ঠান তার রেস্টুরেন্ট হতে যে বিক্রয় রশিদ ইস্যু করে সেখানে প্রতিষ্ঠানের বিন নম্বর ও 'মূসক ৬.৩' উল্লেখ নেই। রেস্টুরেন্টের বিলে প্রযোজ্য ৫% মূসক হার এর স্থলে ১৫% হারে আদায় করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত অনিয়মের বিষয়ে বক্তব্য জানতে চাওয়া হলে অলোচ্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লিখিতভাবে নিম্নোক্ত বক্তব্য উপস্থাপন করে-

৫০০ এমএল মিনারেল ওয়াটারের দাম ১৫ টাকার স্থলে ৩১.৫০ টাকা গ্রহণ-

সদয় অবগতির জন্য অবহিত করছি যে, আমাদের আবাসিক হোটেল শাইনপুকুর স্যুটস ও এর অভ্যন্তরে অবস্থিত সিন্যামন ট্রি রেস্টুরেন্টে যে বোতলজাত খাবার পানি সরবরাহ করা হয় সেগুলো আমাদের আবাসিক হোটেল ও রেস্টুরেন্টের সেবা ও ব্র্যান্ড ভ্যালু বিবেচনায় প্রচলিত মূল্যের চেয়ে বেশি মূল্যে বিক্রয় করা হয়। খাবার পানির প্রতিটি বোতলে বিশেষভাবে কাস্টমাইজ করে মূল্য মুদ্রিত থাকে। উদাহরণসরূপ- একটি ৫০০ এমএল পানির বোতল শাইনপুকুর স্যুটস এর জন্য মূল্য ৩০-৪০ টাকা যা বোতলে মুদ্রিত থাকে ( বোতলে মুদ্রিত মূল্যের ছবি সংযুক্ত)। কিন্তু উক্ত ক্রেতা যেদিন আমাদের রেস্টুরেন্ট খাবার খান সেদিন আমাদের স্টকে কাস্টমাইজড পানির বোতল ছিলনা। যে কারণে উক্ত ক্রেতাকে সাধারণ পানির বোতল সরবরাহ করা হয়। উল্লেখ্য যে, আমাদের বিলিং এর কাজে ব্যবহৃত কম্পিউটারের সফটওয়ারে ৫০০ এমএল মিনারেল ওয়াটারের মূল্য ৩১.৫ টাকা নির্ধারিত থাকায় ক্রেতাকে ঐ মূল্যেই পানি সরবরাহ করে বিলের রশিদ দেয়া হয়।

বিক্রয় রিসিট অনুযায়ী ১৫% হারে ভ্যাট আদায়-

সদয় অবগতির জন্য অবহিত করছি যে, আমাদের প্রতিষ্ঠান শাইনপুকুর স্যুটস একটি আবাসিক হোটেল (শীতাতপ নিয়ন্ত্রিত) হিসেবে মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান। এর অভ্যন্তরে অবস্থিত সিন্যামন ট্রি রেস্টুরেন্ট হোটেলের বোর্ডারদের জন্য খাবার সরবরাহ করে ও স্বল্প পরিসরে কিছু ওয়াকিং গেস্ট আমাদের রেস্টুরেন্টে খাবার খেতে আসে। হোটেলের বোর্ডারদের নিকট হতে শীতাতপ আবাসিক হোটেল (খাবারসহ) বাবদ ১৫% হারে মূসক আদায় করা হয়। বিলিং এর কাজে ব্যবহৃত কম্পিউটারে একই সফটওয়ার সেটআপ থাকায় রেস্টুরেন্টে কিছু ওয়াকিং গেস্টদের ক্ষেত্রে ভুলক্রমে ১৫% হারে মূসক আদায় করা হয়েছে।

Scanned with CamScanner

আপনাদের মাধ্যমে বিষয়টি দৃষ্টিগোচর হলে আমরা দ্রুত রেস্টুরেন্টের বিলে মূসক হার সংশোধন করে ৫% করেছি (সংশোধিত বিলের কপি সংযুক্ত)।

<u>মূসক চালান প্রদান না করা-</u>

সদয় অবগতির জন্য অবহিত করছি যে, আমাদের আবাসিক হোটেল শাইনপুকুর স্যুটস ও এর অভ্যন্তরে অবস্থিত সিন্যামন ট্রি রেস্টুরেন্টের বিলিং এর কাজে আমাদের নিজস্ব সফ্টওয়ার হতে মূসক চালান ইস্যু করা হয়। কম্পিউটারের সফ্টওয়ার আপডেট সংক্রান্ত টেকনিকাল ত্রুটির কারণে বর্ণিত ক্রেতার ক্ষেত্রে 'মূসক ৬.৩' ইস্যু করা সম্ভব হয়নি। উক্ত বিষয়ে আমরা যথাযথ অবহিত ছিলাম না। বিষয়টি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য সবিনয়ে অনুরোধ করছি। স্থানীয় মূসক কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নিয়মিত কার্যক্রম পরিচালনা করছি এবং পরবর্তী উদ্ভূত বিষয়ে অধিকতর সচেতনতা অবলম্বন করবো।

০৩। সদয় অবগতির জন্য প্রতিষ্ঠানের লিখিত বক্তব্য ও এতদসংক্রান্ত দলিলাদি সংযুক্ত করা হলো।

সংযক্তি-

০১। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের লিখিত বক্তব্য- ১(এক) পাতা।

০২। বোতলে মুদ্রিত মূল্যের ছবি- ১(এক) পাতা।

০২। সংশোধিত মূসক চালানের কপি- ১(এক) পাতা।

১৫/০৬/২৬

(মোঃ আতিকুল হোসেন আকন্দ)
সহকারী রাজস্ব কর্মকর্তা
কাস্টম্‌স, এক্সাইজ ও ভ্যাট,
গুলশান সার্কেল- ৪।

২০/৬/২০২৬

(মৃণাল কান্তি সরকার)
রাজস্ব কর্মকর্তা
কাস্টম্‌স, এক্সাইজ ও ভ্যাট,
গুলশান সার্কেল- ৪।

shinepukur
suites

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্‌ এক্সাইজ ও ভ্যাট
তাং 21 JUN 2023
গুলশান বিভাগ
মহাখালী, ঢাকা

বরাবর
রাজস্ব কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গুলশান সার্কেল ৪

বিষয়- ক্রেতার অভিযোগের ভিত্তিতে তদন্ত কর্মকর্তার নিকট লিখিত জবাব প্রদান।

মহোদয়,

আপনার নিকট জানতে পেরেছি যে, আব্দুর রহীম নামে একজন ক্রেতা আমাদের প্রতিষ্ঠান দি সিন্যামন ট্রি রেস্টুরেন্ট, শাইনপুকুর স্যুটস এর নামে জাতীয় রাজস্ব বোর্ডের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার নিকট একটি অভিযোগ দায়ের করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন- তার নিকট হতে এক বোতল ৫০০ এমএল মিনারেল ওয়াটারের দাম ১৫ টাকার স্থলে ৩১.৫০ টাকা নেয়া হয়েছে, বিক্রয় রিসিট অনুযায়ী ১৫% হারে ভ্যাট আদায় করা হয়েছে এবং কোন মূসক চালান প্রদান করা হয়নি। উক্ত অভিযোগসমূহের প্রেক্ষিতে নিম্নে আমাদের বক্তব্য উপস্থাপন করা হলো-

**৫০০ এমএল মিনারেল ওয়াটারের দাম ১৫ টাকার স্থলে ৩১.৫০ টাকা গ্রহণ-**

সদয় অবগতির জন্য অবহিত করছি যে, আমাদের আবাসিক হোটেল শাইনপুকুর স্যুটস ও এর অভ্যন্তরে অবস্থিত দি সিন্যামন ট্রি রেস্টুরেন্টে যে বোতলজাত খাবার পানি সরবরাহ করা হয় সেগুলো আমাদের আবাসিক হোটেল ও রেস্টুরেন্টের সেবা ও ব্র্যান্ড ভ্যালু বিবেচনায় প্রচলিত মূল্যের চেয়ে বেশি মূল্যে বিক্রয় করা হয়। খাবার পানির প্রতিটি বোতলে বিশেষভাবে কাস্টমাইজ করে মূল্য মুদ্রিত থাকে। উদাহরণসরুপ- একটি ৫০০ এমএল পানির বোতল শাইনপুকুর স্যুটস এর জন্য মূল্য ৩০-৪০ টাকা যা বোতলে মুদ্রিত থাকে ( বোতলে মুদ্রিত মূল্যের ছবি সংযুক্ত)। কিন্তু উক্ত ক্রেতা যেদিন আমাদের রেস্টুরেন্ট খাবার খান সেদিন আমাদের স্টকে কাস্টমাইজড পানির বোতল ছিলনা। যে কারণে উক্ত ক্রেতাকে সাধারণ পানির বোতল সরবরাহ করা হয়। উল্লেখ্য যে, আমাদের বিলিং এর কাজে ব্যবহৃত কম্পিউটারের সফটওয়ারে ৫০০ এমএল মিনারেল ওয়াটারের মূল্য ৩১.৫ টাকা নির্ধারিত থাকায় ক্রেতাকে ঐ মূল্যেই পানি সরবরাহ করে বিলের রশিদ দেয়া হয়।

**বিক্রয় রিসিট অনুযায়ী ১৫% হারে ভ্যাট আদায়-**

সদয় অবগতির জন্য অবহিত করছি যে, আমাদের প্রতিষ্ঠান শাইনপুকুর স্যুটস একটি আবাসিক হোটেল (শীতাতপ নিয়ন্ত্রিত) হিসেবে মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান। এর অভ্যন্তরে অবস্থিত দি সিন্যামন ট্রি রেস্টুরেন্ট হোটেলের বোর্ডারদের জন্য খাবার সরবরাহ করে ও স্বল্প পরিসরে কিছু ওয়াকিং গেস্ট আমাদের রেস্টুরেন্টে খাবার খেতে আসে। হোটেলের বোর্ডারদের নিকট হতে শীতাতপ আবাসিক হোটেল (খাবারসহ) বাবদ ১৫% হারে মূসক আদায় করা হয়। বিলিং এর কাজে ব্যবহৃত কম্পিউটারে একই সফটওয়ার সেটআপ থাকায় রেস্টুরেন্টে কিছু ওয়াকিং গেস্টদের ক্ষেত্রে ভুলক্রমে ১৫% হারে মূসক আদায় করা হয়েছে। আপনাদের মাধ্যমে বিষয়টি দৃষ্টিগোচর হলে আমরা দ্রুত রেস্টুরেন্টের বিলে মূসক হার সংশোধন করে ৫% করেছি (সংশোধিত বিলের কপি সংযুক্ত)।

১৭১৭
২৫/৬/২৩

**মূসক চালান প্রদান না করা-**


সদয় অবগতির জন্য অবহিত করছি যে, আমাদের আবাসিক হোটেল শাইনপুকুর স্যুটস ও এর অভ্যন্তরে অবস্থিত দি সিন্যামন ট্রি রেস্টুরেন্টের বিলিং এর কাজে আমাদের নিজস্ব সফটওয়ার হতে মূসক চালান ইস্যু করা হয়। কম্পিউটারের সফটওয়ার আপডেট সংক্রান্ত টেকনিকাল ত্রুটির কারণে বর্ণিত ক্রেতার ক্ষেত্রে 'মূসক ৬.৩' ইস্যু করা সম্ভব হয়নি। উক্ত বিষয়ে আমরা যথাযত অবহিত ছিলাম না। বিষয়টি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য সবিনয়ে অনুরোধ করছি। স্থানীয় মূসক কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নিয়মিত কার্যক্রম পরিচালনা করছি এবং পরবর্তী উদ্ভূত বিষয়ে অদিকতর সচেতনতা অবলম্বন করবো।

নিবেদক

Ahsan
২০.০৬.২০২৩
মোঃ শামীম আহসান
ডিজিএম (ফাইনান্স)
শাইনপুকুর স্যুটস,
ঠিকানা- প্লট # ৮/সি, রোড # ১৪৩, গুলশান-১, ঢাকা-১২১২।

SHINEPUKUR SUITES
GULSHAN DHAKA

Scanned with CamScanner




Scanned with CamScanner

**SHINEPUKUR SUITES**
**(The Cinnamon Tree Restaurant)**

House: 8/C, Road: 143, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88 02 55045681-5, Hotline: +88 01958 606025
Email: info@shinepukursuites.com
Web: www.shinepukursuites.com

Mushak 6.3
BIN : 002787285-0101

| | | | |
|---|---|---|---|
| | Table No. : 02 | Bill No. : | 28732 |
| Room No. : | Waiter : 1 | Date : | 14-Jun-2023 |
| Guest Name : | | Time : | 7:39:42 PM |
| Company Name : | | Bill Print Time : | 7:40:13PM |
| KOT No. : 28732 | | | |

| Item Name | Quantity | Unit Price | Total Price |
|---|---|---|---|
| CLUB SANDWICH | 1.00 | 350.00 | 350 |
| Summary of Food total ... | | | 350 |

| | | |
|---|---|---|
| Net Total | | 350 |
| Service Charge | 10 % | 35.00 |
| Govt. Tax (VAT) | 5 % | 19.00 |
| Sub Total | | 404 |
| Advance Payment | | 0 |
| Grand Total | | 404 |

Taka In Word : FOUR HUNDRED FOUR TK. ONLY.

Guest Signature          Cashier POLASH

**SHINEPUKUR SUITES**
**(The Cinnamon Tree Restaurant)**
House: 8/C, Road: 143, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88 02 55045681-5, Hotline: +88 01958 606025
Email: info@shinepukursuites.com
Web: www.shinepukursuites.com
Mushak 6.3
BIN : 002787285-0101
Table No. : 02 Bill No. : 28732
Room No. : Waiter : 1 Date : 14-Jun-2023
Guest Name : Time : 7:39:42 PM
Company Name : Bill Print Time : 7:40:13PM
KOT No. : 28732
Item Name Quantity Unit Price Total Price
CLUB SANDWICH 1.00 350.00 350
Summary of Food total ... 350
Net Total 350
Service Charge 10 % 35.00
Govt. Tax (VAT) 5 % 19.00
Sub Total 404
Advance Payment 0
Grand Total 404
Taka In Word : FOUR HUNDRED FOUR TK. ONLY.
Guest Signature Cashier POLASH

Remarks :

Scanned with CamScanner

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড

অভিযোগের তারিখ: ০৫-০৬-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৯১১৭২০৩৭১০০০১
অবস্থা: অন্য দপ্তরে প্রেরিত

**বিষয়: নির্ধারিত মূল্য থাকা সত্ত্বেও অতিরিক্ত দাম রাখা এবং পূর্ণাঙ্গ বিলে ভ্যাট ট্যাক্সের বিল দেওয়া সত্ত্বেও এর সরকারি চালান কপি না দেওয়া**

মহোদয়,

আমি আব্দুর রহিম। আজ পাঁচ জুন ২০২৩ দুপুর ৩:০০ টার দিকে শাহিন পুকুর সুইটসের দা সিনামন ট্রি রেস্টুরেন্টে গিয়েছিলাম দুপুরে খাবার গ্রহণ করার জন্য আমি আর আমার একজন বন্ধু। রেস্টুরেন্টের ঠিকানা হচ্ছে হাউজ ৮/সি, রোড নং ১৪৩, গুলশান ১ ঢাকা ১২১২।

আমি খাবার গ্রহণের পরে দেখলাম মিনারেল ওয়াটার বোতলের গায়ে দাম ছিল ১৫ টাকা কিন্তু যখন তারা আমাকে বিল দিল সেখানে মিনারেল ওয়াটার বিল ৩১.৫০ টাকা। এক একটা ৫০০ এমএল পানির বোতলে ১৬.৫০ টাকা বেশি নিয়েছে।

আমাকে যে বিলের পেপার দিয়েছে সেখানে ভ্যাট ট্যাক্স ১৫% ২৯১টাকা নিয়েছে কিন্তু এই ভ্যাট ট্যাক্সের সরকারি চালান আমাকে দেয় নাই।

নিচে সংযুক্ত ফাইলগুলো আমি এটাস্ট করে দিয়ে দিলাম।

আপনার বিশ্বস্ত

Abdur Rahim
মোবাইল নম্বর: ০১৯১১৭২০৩৭১

www.grs.gov.bd

User ID — enothi এর User ID
password — enothi এর password

বিবরন   গৃহীত কার্যক্রম

(৪) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি

**মো: গাউছুল আজম, প্রথম সচিব, বোর্ড প্রশাসন অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড** অভিযোগটি নিষ্পত্তি করেছেন।

তারিখ: রবিবার, ০২ জুলাই ২০২৩ : ১১:১২ পূর্বাহ্ন

বিস্তারিত

অভিযোগটির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য রাজস্ব কর্মকর্তা বরাবর নির্দেশনা দেওয়া হয়। অভিযুক্ত প্রতিষ্ঠান তাদের ভুল স্বীকার করে পরবর্তীতে এধরনের কাজ না করার প্রতিশ্রুতি দেন এবং অভিযোগকারীকে তার পাওনা টাকা ফেরত দেবে মর্মে বলেন।

- প্রতিবেদন (HTTPS://GRS.GOV.BD/API/FILE/UPLOAD/DD1F3DHVO8NINSCUDERN5BPA7/2023070
- মুচলেকা (HTTPS://GRS.GOV.BD/API/FILE/UPLOAD/DD1F3DHVO8NINSCUDERN5BPA7/2023070

(৩) পদক্ষেপ: মতামত প্রাপ্তি

**মোহাম্মদ হাসমত আলী, প্রথম সচিব, মূসক নীতি অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড** মতামত প্রদান করেছেন যা **মো: গাউছুল আজম, প্রথম সচিব, বোর্ড প্রশাসন অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড**-এর নিকট প্রেরণ করা হয়েছে।

তারিখ: সোমবার, ১২ জুন ২০২৩ : ১২:০৬ অপরাহ্ন

বিস্তারিত

বিষয়টি মূসক নীতি সংশ্লিষ্ট নয় বিধায় সদয় পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

(২) পদক্ষেপ: মতামতের জন্য প্রেরণ করা হয়েছে

**মো: গাউছুল আজম, প্রথম সচিব, বোর্ড প্রশাসন অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড** অভিযোগটি মতামতের জন্য

প্রেরণ করেছেন।

প্রধান প্রাপক:**মোহাম্মদ হাসমত আলী, প্রথম সচিব, মূসক নীতি অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড**

তারিখ: বৃহস্পতি, ০৮ জুন ২০২৩ : ০২:৩৩ অপরাহ্ন

বিস্তারিত

আপনার দায়িত্বাধীন **অভিযোগ** সংক্রান্ত একটি অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগের বিস্তারিত সংযুক্ত করা হলো। আগামী ১৫/০৬/২০২৩ এর মধ্যে এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

i. অভিযোগে উল্লিখিত সেবাটি ইতোমধ্যে প্রদান করা হয়ে থাকলে বিস্তারিত তথ্য প্রদান করতে হবে;
ii. সেবা প্রদান না করা হয়ে থাকলে তা প্রদান করে বিস্তারিত তথ্যসহ অবহিত করতে হবে;
iii. সেবা প্রদানের জন্য অধিকতর সময় প্রয়োজন হলে যথোপযুক্ত কারণ জানাতে হবে;
iv. অধিনস্ত কোনো কর্মকর্তা/কর্মচারির দায়িত্বে অবহেলার কারণে নির্ধারিত সময়ে বা পদ্ধতিতে সেবা প্রদান করা সম্ভব না হয়ে থাকলে বিস্তারিত উল্লেখ করতে হবে;
v. আবেদনের অসম্পূর্ণতা অথবা অন্য কোনো কারণে সেবা প্রদান করা সম্ভব না হলে যথোপযুক্ত কারণ অবহিত করতে হবে।

(১) পদক্ষেপ: অভিযোগ অন্য দপ্তরে প্রেরিত

---

**মনজুর মোহাম্মদ শাহরিয়ার, পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ , জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর** কর্তৃক অভিযোগটি **মো: গাউছুল আজম, প্রথম সচিব, বোর্ড প্রশাসন অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড** -এর দপ্তরে প্রেরিত হয়েছে।

তারিখ: মঙ্গলবার, ০৬ জুন ২০২৩ : ০৩:৪৩ অপরাহ্ন

বিস্তারিত
প্রাপ্ত অভিযোগটি আপনার দপ্তর থেকে প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সেবার বিবরণ

সংশ্লিষ্ট সেবার নাম: অভিযোগ

সেবার আবেদনের তারিখ: ০৫-০৬-২০২৩

ট্র্যাকিং নম্বর: **১৯১১৭২০৩৭১০০০১**

অভিযোগকারীর তথ্য